যুগান্তর

তারিখ ... 03 MAY 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবিতে স্থাপিত হল ৩০ ফুট উঁচু বুদ্ধমূর্তি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) জগন্নাথ হলে স্থাপিত হয়েছে ৩০ ফুট উচ্চতাসম্পন্ন বুদ্ধমূর্তি। বৃহস্পতিবার সন্ধ্যায় হল প্রাঙ্গণে মূর্তিটি উন্মোচন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক আআমস আরেফিন সিদ্দিক। বাংলাদেশ বৌদ্ধ সমিতি-ঢাকা অঞ্চলের সাধারণ সম্পাদক স্বপন বড়ুয়া চৌধুরীর অর্থায়নে মূর্তি নির্মাণের শিল্পী ছিলেন রাখাইন অঞ্চলের মং খি মং। উদ্বোধনী অনুষ্ঠানে আশীর্বাদক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশের বৌদ্ধ সম্প্রদায়ের ধর্মীয় গুরু ড., ধর্মসেন মহাথেরো ও শ্রীমৎ শুদ্ধানন্দ মহাথেরো। দেশের এবং বিদেশের বিভিন্ন অঞ্চল থেকে আগত-বৌদ্ধ সম্প্রদায়ের প্রতিনিধি এ অনুষ্ঠানে যোগদান করেন। অনুষ্ঠানের প্রথম পর্বে ভিসি বুদ্ধ প্রতিবিম্ব স্থাপনের ফলক উন্মোচন করেন। দ্বিতীয় পর্বে হয় আলোচনা অনুষ্ঠান। জগন্নাথ হলের প্রাধ্যক্ষ ও বুদ্ধমূর্তি উন্মোচন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. অসীম সরকারের সভাপতিত্বে আলোচনা অনুষ্ঠানে হলের সিনিয়র আবাসিক শিক্ষক ও বুদ্ধমূর্তি উন্মোচন কমিটির যুগ্ম-আহ্বায়ক অধ্যাপক ড. বিমান চন্দ্র বড়ুয়ার স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশস্থ মিয়ানমার ও জাপান দূতাবাসের প্রতিনিধি, কলকাতা থেকে আগত বৌদ্ধ ধর্মাঙ্কুর সভার ট্রাস্টি ও সাধারণ সম্পাদক হেমেন্দু বিকাশ চৌধুরী ড. ভিক্ষু বোধিপাল, বাংলাদেশস্থ বিভিন্ন বৌদ্ধ সংগঠনের নেতা, বিশ্ববিদ্যালয়ের পালি ও বুদ্ধিস্ট বিভাগের অধ্যাপক ড. সুকোমল বড়ুয়া প্রমুখ।